

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
অভয়নগর উপজেলা, যশোর।

স্মারক নং- ৪৬.০৩.৪১০৪.৩০১.৯৯.০১৫.২০- ২১

তারিখঃ ৩০/০৯/২৫ খ্রিঃ

নোটিশ

অভয়নগর উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল উপকারভোগীদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, বেশ কিছু দিন যাবত একটি প্রতারক চক্র অত্র দপ্তরের বিভিন্ন সেবা নিয়ে উপকারভোগীদের কাছ থেকে অর্থ দাবি করা সহ নানা উপায়ে প্রতারণামূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তার ফলশ্রুতিতে অত্র দপ্তর এ বিষয়টি নিয়ে থানায় সাধারণ ডায়েরী করে, যার জিডি নং- ১৯০৬, তারিখ- ৩০.০৯.২০২৫ খ্রিঃ। উল্লেখ্য, সরকারি ভাবে গভীর নলকূপ স্থাপনের জন্য সরকার নির্ধারিত একটি সহায়ক চাঁদা সরকারি কোষাগারে ACS (Automated Chalan System) এর মাধ্যমে ব্যাংক এ চালান আকারে জমা দিতে হয়। কোন ভাবে সরকার নির্ধারিত এই সহায়ক চাঁদা কোনো ব্যক্তির ব্যাংক একাউন্টে কিংবা নগদে জমা নেওয়া হয় না। উপকারভোগী ব্যক্তি নিজেই সরকার নির্ধারিত কোডে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে সহায়ক চাঁদা ব্যাংকে চালান আকারে জমা করবেন।

এমতাবস্থায়, সকল উপকারভোগীদের কোনো প্রতারক চক্রের সাথে কোন প্রকার আর্থিক লেনদেন বা প্রতারণায় পা না দেওয়ার জন্য বিশেষভাবে আহবান জানানো হলো।

Hossain  
30/09/25  
আবুল হোসেন  
সহকারী প্রকৌশলী